



বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা

২নং অরফ্যানেজ রোড, বখশি বাজার, ঢাকা-১২১১

Website: www.bmeb.gov.bd, E-mail: info@bmeb.gov.bd, Fax: 58616681, 58617908, 9615576



নং-বামাশিবো/প্রশাসন/ ৭৭২/৪/মুস্বীগঞ্জ-০৮

তারিখ: ২৭ ফাল্গুন ১৪২৭ বঙ্গাব্দ
০৪ মার্চ ২০২১ খ্রিষ্টাব্দ

বিষয়: মুস্বীগঞ্জ জেলার সিরাজদিখান উপজেলাধীন হযরতপুর আহমদীয়া দাখিল মাদ্রাসার সহকারি শিক্ষক (গণিত) জনাব মো: আজাদুল ইসলামকে স্বপদে বহাল প্রসঙ্গে।

সূত্র: (১) মাদ্রাসা শিক্ষা বোর্ডের স্মারক নং-বামাশিবো/প্রশাসন/মুস্বীগঞ্জ-০৮/৭৫৬/৪; তারিখ: ১০/১১/২০২০ খ্রি.
(২) মাদ্রাসা শিক্ষা বোর্ডের স্মারক নং-বামাশিবো/প্রশাসন/মুস্বীগঞ্জ-০৮/৭৬৬/৪; তারিখ: ০৩/০২/২০২১ খ্রি.

উপর্যুক্ত বিষয় ও সূত্রের আলোকে মুস্বীগঞ্জ জেলার সিরাজদিখান উপজেলাধীন হযরতপুর আহমদীয়া দাখিল মাদ্রাসার সহকারি শিক্ষক (গণিত) জনাব মো: আজাদুল ইসলাম রিট পিটিশন নং-৩৬৫৭/২০১৫ এর রায়ের আলোকে স্বপদে বহাল ও বকেয়া বেতন প্রাপ্তির জন্য অত্র বোর্ডে আবেদন করেন।

সহকারি শিক্ষক (গণিত) এর আবেদন বিষয়ে সুস্পষ্ট লিখিত ব্যাখ্যা ও সমর্থনীয় কাগজপত্র ০৭ (সাত) দিনের মধ্যে প্রেরণ করার জন্য সূত্রোক্ত ০১ নং স্মারকে মাদ্রাসা প্রধানকে পত্র দেওয়া হয়। মাদ্রাসা প্রধান কর্তৃক দাখিলকৃত জবাবটি বোর্ড কর্তৃপক্ষের নিকট সন্তোষজনক প্রতীয়মান না হওয়ায় সৃষ্ট জটিলতা নিরসনকল্পে গত ০৯.০২.২০২১খ্রি. তারিখ রোজ বুধবার সকাল ০৯.৩০ ঘটিকায় বোর্ডে উপস্থিত হয়ে শুনানীতে অংশগ্রহণপূর্বক স্ব-স্ব দাবীর পক্ষে সমর্থনীয় কাগজপত্রসহ লিখিত ও মৌখিক বক্তব্য প্রদান করার জন্য দরখাস্তকারী জনাব মো: আজাদুল ইসলাম, মাদ্রাসা সুপার ও পরিচালনা কমিটির সভাপতিকে সূত্রোক্ত ০২ নং স্মারকে পত্র দেয়া হয়। পত্রের প্রেক্ষিতে সভাপতি জনাব মো: আসাদুল ইসলাম জুয়েল, সুপার জনাব মো: মেনহাজ উদ্দিন এবং দরখাস্তকারী জনাব মো: আজাদুল ইসলাম বোর্ডে উপস্থিত হয়ে শুনানীতে অংশগ্রহণপূর্বক স্ব-স্ব দাবীর পক্ষে সমর্থনীয় কাগজপত্রসহ লিখিত ও মৌখিক বক্তব্য প্রদান করেন। দাখিলকৃত কাগজপত্র ও বক্তব্য বিস্তারিত পর্যালোচনায় প্রতীয়মান হয় যে, জনাব মো: আজাদুল ইসলাম-কে সাময়িক বরখাস্ত ব্যতীত নিজেদের দ্বন্দ্বের কারণে মাদ্রাসায় দায়িত্ব পালন থেকে বিরত রাখা হয়েছে।

বর্ণিত অবস্থায় জনাব আজাদুল ইসলাম-কে সাময়িক বরখাস্ত ব্যতীত মাদ্রাসায় দায়িত্ব পালন থেকে বিরত রাখায় পত্র জারির পর থেকে তিনি স্ব-পদে দায়িত্ব পালন করবেন মর্মে সংশ্লিষ্ট সকলকে অবহিত করা হলো।

যথাযথ কর্তৃপক্ষের অনুমোদনক্রমে এ আদেশ জারি করা হলো।


০৪.০৬.২০২০

মো: সিদ্দিকুর রহমান

রেজিস্ট্রার

ফোন: ৯৬১২৮৫৮

ই-মেইল: registrar@bmeb.gov.bd

সুপার/ভারপ্রাপ্ত সুপার,

হযরতপুর আহমদীয়া দাখিল মাদ্রাসা, শেখরনগর, সিরাজদিখান, মুস্বীগঞ্জ।

নং-বামাশিবো/প্রশাসন/ ৭৭২/৪/মুস্বীগঞ্জ-০৮

তারিখ: ০৪ ফাল্গুন ১৪২৭ বঙ্গাব্দ
০৪ মার্চ ২০২১ খ্রিষ্টাব্দ

সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে অনুলিপি (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

১. মহাপরিচালক, মাদ্রাসা শিক্ষা অধিদপ্তর, ঢাকা;
২. জেলা প্রশাসক, মুস্বীগঞ্জ;
৩. জেলা শিক্ষা অফিসার, মুস্বীগঞ্জ;
৪. উপজেলা নির্বাহী অফিসার, সিরাজদিখান, মুস্বীগঞ্জ;
৫. উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, সিরাজদিখান, মুস্বীগঞ্জ;
৬. জনাব মো: আজাদুল ইসলাম, সহকারি শিক্ষক (গণিত), হযরতপুর আহমদীয়া দাখিল মাদ্রাসা, সিরাজদিখান, মুস্বীগঞ্জ;
৭. সভাপতি, হযরতপুর আহমদীয়া দাখিল মাদ্রাসা, শেখরনগর, সিরাজদিখান, মুস্বীগঞ্জ;
৮. পি ও টু চেয়ারম্যান, পি এ টু রেজিস্ট্রার, বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা;
৯. অফিস কপি।


০৪/০৬/২০২০

মো: ওমর ফারুক

উপ-রেজিস্ট্রার (প্রশাসন)

ফোন: ৯৬৭৪৮৭৪

ই-মেইল: dradmin@bmeb.gov.bd